


কার হেফাজতে মোর আনন্দ কাইউম পারভেজ



কাল বোশেখী দিচ্ছে হানা
মঙ্গল শোভাযাত্রায় মানা
ওতে নাকি আর ধর্ম থাকে না
এনেছে এবার নতুন বাহানা ।

হাইকোর্ট থেকে মূর্তি হটাও
থেমিসকে কেন শাড়ী পরাও
ওতে তো আর ধর্ম থাকে না
পহেলা বৈশাখও করতে মানা ।

নেত্রী বলেন থেমিস হটবে
তোমরাও তবে শান্ত রবে
বর্ষবরণ করতে পালন
ধর্মের নেই অনুশাসন ।

তেনারা ভাবেন নেত্রী নরম
হই তবে আরো একটু গরম
সারা দেশ থেকে মূর্তি হটাও
নইলে শুরু জ্বালাও-পোড়াও ।

টুকেছি আমরা পাঠ্য বইতে
দিয়েছি ওটাকে খৎনা
আরেকটুখানি আসকারা পেলে
বন্ধ গান ও বাজনা ।

শাপলায় বসেছি শুধু একবার
সেটা বেচেই তো দেন দরবার
উপরে উপরে সাজি মডারেট
জঙ্গীরা ওদিকে সব ফেবারেট ।

কেউ বা করে ভোটের হিসাব
কেউ বা খোঁজে স্বার্থ
বৈশাখী বাঙালি-প্রাণের মেলা
বুঝতে হয়োনা ব্যর্থ ।

কালবোশেখী হুমকী ধামকী
কিছু কী যায় বা আসে
যুগ যুগ ধরে চলছে যেমন
চলবে তা ভালবেসে ।

